বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
বোর্ড সচিবালয়
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**নম্বর:** ৪২.০১.০০০০.০২২.৫০.৫০১.২২.৩৬

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
২৪ মে ২০২৪ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

বাংলাদেশ ও ভারতীয় আবহাওয়া অধিদপ্তরের তথ্য সূত্রমতে বঙ্গোপসাগরে একটি নিম্নচাপ সৃষ্টি হয়েছে যা পরবর্তীতে ঘূর্ণিঝড় ‘রিমাল’ এ রূপান্তর হওয়ার আশঙ্কা রয়েছে। ঘূর্ণিঝড়টি সম্ভাব্য ২৬ মে, ২০২৪ খ্রি. বাংলাদেশ ও ভারতের পশ্চিমাঞ্চের মধ্যবর্তী উপকূল সংলগ্ন ভূ-খন্ড দিয়ে স্থলভাগ অতিক্রম করতে পারে। এ সময়কালে বাতাসের তীব্রতা, উচ্চ গতিবেগ এবং স্বাভাবিকের তুলনায় উচ্চ জোয়ারের কারণে উপকূল সংলগ্ন বেড়িবাঁধসমূহের ক্ষয়ক্ষতির সম্ভবনা রয়েছে।

২। সম্ভাব্য পরিস্থিতি বিবেচনায়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের চট্রগ্রাম, কুমিল্লা, খুলনা, বরিশাল এবং ফরিদপুর জোনের নিয়ন্ত্রণাধীণ প্রকল্পসমূহের বেড়িবাঁধ ও অন্যান্য অবকাঠামোগুলো রক্ষায় সংশ্লিষ্ট জোনের প্রধান প্রকৌশলীগণ তার অধীন তত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী এবং অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণের মাধ্যমে নিবিড় যোগাযোগ রক্ষা করতঃ সার্বক্ষণিক তদারকির ব্যবস্থা গ্রহণ করবেন। নিম্নচাপ বা ঘূর্ণিঝড়ের কারণে সৃষ্ট বাতাসের তীব্র গতিবেগ বা উঁচু জলোচ্ছাসের কারণে উল্লিখিত বেড়িবাঁধসমূহ ক্ষয়ক্ষতি হতে রক্ষার্থে প্রয়োজনীয় প্রস্তুতিসহ সার্বক্ষণিক সাইটে অবস্থান করবেন। এই বিষয়ে স্থানীয় উপজেলা প্রশাসন, জেলা প্রশাসন এবং জনপ্রতিনিধির সাথে যোগাযোগ রক্ষা করে দুর্যোগ মোকাবেলা করবেন ।

৩। বর্ণিত ৫টি জোনের সকল কর্মকর্তা-কর্মচারীগণ সার্বক্ষণিক কর্মস্থলে উপস্থিত থাকবেন। বিশেষ প্রয়োজনে কোনো কর্মকর্তা-কর্মচারীর দপ্তর ত্যাগের প্রয়োজন হলে সংশ্লিষ্ট উইং এর অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের অনুমোদন সাপেক্ষে দপ্তর ত্যাগ করতে হবে।

৪। এমতাবস্থায়, বর্ণিত ঘূর্ণিঝড় ‘রিমাল’ এর সম্ভাব্য ক্ষয়-ক্ষতি ও দুর্যোগ মোকাবিলার স্বার্থে বাপাউবোর উপকূলীয় অঞ্চল সংলগ্ন ৫টি জোনের (চট্রগ্রাম, কুমিল্লা, খুলনা, বরিশাল এবং ফরিদপুর) সকল কর্মকর্তা/কর্মচারীর ছুটি বাতিল করা হলো।

৫। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ দপ্তরাদেশ জারী করা হলো।

**বিষয়টি অতীব জরুরী।**

২৪-০৫-২০২৪
ওবায়দুল ইসলাম
পরিচালক (বোর্ড)

নম্বর: ৪২.০১.০০০০.০২২.৫০.৫০১.২২.৩৬/১ (৯)

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
২৪ মে ২০২৪ খ্রিস্টাব্দ


অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান প্রকৌশলী,পূর্বাঞ্চল/দক্ষিন-পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল/দক্ষিন-পশ্চিমাঞ্চল/দক্ষিনাঞ্চল, বাপাউবো, কুমিল্লা/চট্রগ্রাম/ফরিদপুর/খুলনা/বরিশাল;
২। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৪। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।;
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব,পানি সম্পদ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।;
৬। তত্বাবধায়ক প্রকৌশলী (সকল),পূর্বাঞ্চল/দক্ষিন-পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল/দক্ষিন-পশ্চিমাঞ্চল/দক্ষিনাঞ্চল, বাপাউবো, কুমিল্লা/চট্রগ্রাম/ফরিদপুর/খুলনা/বরিশাল;

৭। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (দপ্তরাদেশটি বোর্ডের ্ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);

৮। নির্বাহী প্রকৌশলী (সকল),পূর্বাঞ্চল/দক্ষিন-পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল/দক্ষিন-পশ্চিমাঞ্চল/দক্ষিনাঞ্চল, বাপাউবো,
কুমিল্লা/চট্টগ্রাম/ফরিদপুর/খুলনা/বরিশাল এবং

৯। ব্যাক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন),বাপাউবো, ঢাকা।।



২৪-০৫-২০২৪
অনীক এহ্সান
সহকারী পরিচালক (প্রশাসন)